

শ্রীমঙ্গল উপজেলা পরিষদের মুক্তিযোদ্ধা বিষয়ক স্থায়ী কমিটির জুলাই-আগস্ট/২০ সভার কার্যবিবরণীঃ

তারিখ : ১১/০৭/২০২০ ইং।

সময় : ০৩.০০ টা।

সভার স্থানঃ সভাপতির অফিস কক্ষ, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

সভাপতি : মিতালী দত্ত, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

সভায় উপস্থিত সদস্য বৃন্দের স্বাক্ষরের ক্রমানুসারে নামের তালিকা পরিশিষ্ট “ক” তে দ্রষ্টব্য।


সভাপতি উপস্থিত সদস্য বৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন পরিবর্তন বা সংশোধনী না থাকায় দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভাপতি অত্র কমিটির সদস্য সচিব কে সভার বিষয় বস্তু সম্পর্কে আলোচনার জন্য অনুরোধ জানান। উপজেলা সমাজসেবা অফিসার সভায় বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন উপস্থাপন করেন। যা নিম্নে বিস্তারিত উল্লেখ করা হলো।

০১। বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা :

সভার শুরুতে সদস্য সচিব তাঁর সংক্ষিপ্ত বক্তব্যে জানান, শ্রীমঙ্গল উপজেলার সমাজকল্যান বিভাগের কর্মকান্ড গুলি ভালোভাবে চলছে। বীর মুক্তিযোদ্ধাগণের ভাতা প্রদান সুসম্পন্ন হয়েছে। সভাপতি বলেন যে, বীর মুক্তিযোদ্ধাগণ আমাদের দেশের শ্রেষ্ঠ সন্তান। তাঁরা যেন কোন কাজেই হয়রানির শিকার না হন তা আমাদেরকে নিশ্চিত করতে হবে। পরে সভায় উক্ত কার্যক্রমের বিস্তারিত বিবরণ তুলে ধরা হয়। সভাপতি মহোদয়, উক্ত কার্যক্রমের সার্বিক সন্তোষ প্রকাশ করেন।

০২। বিবিধ :

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মিতালী দত্ত)

মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

মুক্তিযোদ্ধা বিষয়ক কমিটি

শ্রীমঙ্গল, মৌলভীবাজার